

# কথার কণিকা

দিলরুবা শাহানা

১

ভালবাসনি তাই দুঃখ পেয়েছি,  
হৃদয় রক্তে আখর ঐঁকেছি!  
নেবে সে আখর মালা?  
পড়তে গিয়েই বাড়বে জালা!

২

ছিল নাতো কেউ হৃদয় দেবার,  
ভয় নেই তাই কিছু হারাবার।  
তবু অপেক্ষায় মালাটি দেবার  
নেবার ভাগ্য হ'উক অজানার!

৩

সময় ভুলিয়ে দেবে স্মৃতি?  
দূরত্ব মুছিয়ে দেবে ছবি?  
যতদিন যায় যতদূরে যায়  
সবুজের স্মৃতি ছবি গাঢ় হয়ে  
বেদনা ঘনায়!

৪

ভয় পাইনা হারাকে,  
লড়ে জিতে নেবো মৃত্যুকে ।

৫

কিছুই চাইনিতো?  
তবুও পেয়েছি এতো!